

২০১৯

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় সেমেষ্টার

পত্র : CC-3

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উভয় যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) উনিশ শতকের বাংলা কাব্যে আধুনিকতার লক্ষণগুলি মাইকেল মধুসূদন দত্তের কাব্যে কীভাবে ধরা পড়েছে তা সংক্ষেপে
বুঝিয়ে দাও। ১০

অথবা

- (খ) বাংলা নাটকের আদিপর্বের নাটককার হিসাবে দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির মূল্যায়ন করো। ১০

- ২। (ক) বঙ্গ-পূর্ববর্তী বাংলা ‘কথাসাহিত্য’-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

- (খ) সমকালীন সমাজ-বাস্তবতার রূপায়ণেই উপন্যাসিকের সিদ্ধি। এই মন্তব্যের আলোকে সামাজিক উপন্যাস রচনায় বঙ্গিমচন্দ্রের
দক্ষতা বিচার করো। ১০

- ৩। (ক) বাংলা গদ্যের চর্চা ও বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- (খ) বাংলা গদ্যের শিল্পী ও প্রাবন্ধিক হিসাবে অক্ষয়কুমার দত্তের মূল্যায়ন করো। ১০

- ৪। (ক) টিপ্পরচন্দ্র গুপ্ত-কে ‘যুগসন্ধির কবি’ বলার কারণ কী? ৫

অথবা

- (খ) অমৃতলাল বসুর প্রসন্নে উনিশ শতকের শেষপর্বের বাঙালি সমাজের ছবি কীভাবে ধরা পড়েছে লেখো। ৫

- ৫। (ক) বাংলা ছোটগল্পের উন্নবের প্রেক্ষাপট সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা

- (খ) বাঙালির বিদ্যাচর্চায় ‘বিবিধার্থ সংগ্রহ’ পত্রিকার ভূমিকা সম্পর্কে লেখো। ৫

৬। (ক) বাংলা গদ্যের চর্চায় শ্রীরামপুর মিশনের ভূমিকার সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৫

অর্থব্দ

(খ) গদ্যশিল্পী দুর্ঘটনার বিদ্যাসাগরের গদ্যের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে ঢাকা লেখো।

৫

(ক) গিরীন্দ্রমোহিনী দাসীর ‘অশ্রুকণ’

(খ) স্বর্ণকুমারী দেবীর ‘কাহাকে’

(গ) বাংলা গদ্যের বিকাশে ‘মাসিক পত্রিকা’-র অবদান

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত একটি কাব্যগ্রন্থের নাম প্রকাশকালসহ লেখো।

(খ) কোন নাটকের অভিনয় দেখে মধুসূনের বাংলা নাটক লেখার ইচ্ছা জাগে?

(গ) ‘পলাশীর যুদ্ধ’ কার লেখা? কাব্যটির প্রকাশকাল লেখো।

(ঘ) ‘প্রেম প্রবাহিনী’ কাব্যগ্রন্থটির কবি ও প্রকাশকাল লেখো।

(ঙ) গিরিশচন্দ্র ঘোষ রচিত একটি পৌরাণিক ও একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(চ) রমেশচন্দ্র দত্তের কোন চারটি উপন্যাস একত্রে ‘শতবর্ষ’ নামে পুস্তকাকারে সংকলিত হয়েছিল?

(ছ) রবীন্দ্রনাথের লেখা কোন ছোটোগল্পটি ‘হিতবাদী’-র প্রথম সংখ্যায় প্রকাশিত হয়েছিল?

(জ) তত্ত্ববোধিনী পত্রিকা কোন গোষ্ঠীর মুখ্যপত্র ছিল? এই পত্রিকা কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ঝ) ‘সোমপ্রকাশ’ কার সম্পাদনায় কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ঞ) ‘ভারতী’ প্রথম কবে কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

(ট) শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রথম ছাপা বাংলা বইটির নাম কী? সেটি কবে ছাপা হয়েছিল?

(ঠ) কোথায় কত খ্রিস্টাব্দে রামমোহনের মৃত্যু হয়েছিল?

(ড) ‘পরিবারজন’ গ্রন্থটি কার লেখা? কত খ্রিস্টাব্দে গ্রন্থটি প্রকাশিত হয়েছিল?

(ঢ) ছদ্মনামে প্রকাশিত বিদ্যাসাগরের গদ্যগ্রন্থের প্রকাশকালসহ নামোল্লেখ করো।

(ণ) মীর মশার্রফ হোসেন সম্পাদিত পত্রিকার নাম কী?